

তারিখ: ২১ জুলাই ২০২০

## শোকবার্তা


তথ্য কমিশনের সাবেক প্রধান তথ্য কমিশনার অধ্যাপক ড. মোঃ গোলাম রহমানের সহধর্মিণী এবং রাজধানীর ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজের সাবেক সহকারী শিক্ষক জনাব নাঈম আরা হোসেনের মৃত্যুতে তথ্য কমিশন গভীরভাবে মর্মান্বিত ও শোকাভিভূত।

জনাব নাঈম আরা হোসেন ২১ জুলাই ২০২০ খ্রিস্টাব্দ তারিখ সকাল ৫.৪০ ঘটিকায় বাংলাদেশ স্পেশালাইজড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে মরহুমের বয়স হয়েছিল ৬৬ বছর। তিনি দুই কন্যা, এক পুত্র, নাতি-নাতনীসহ পরিবার-পরিজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

আমরা তাঁর শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা ও সহমর্মিতা জ্ঞাপন করছি এবং পরম করুণাময়ের কাছে তাঁর বিদেহী আত্মার চিরশান্তি ও মাগফেরাত কামনা করছি।

মহান আল্লাহ রাব্বুল আলামীন তাঁকে জান্নাতবাসী করুন।

তথ্য কমিশনের পক্ষে



মর্তুজা আহমদ  
প্রধান তথ্য কমিশনার  
তথ্য কমিশন